

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি কোন মন্দ কাজ আল্লাহর সম্ভুষ্টির জন্য ছেড়ে দেয়, তখন তার জন্য এর বদৌলতে একটি সাওয়াব লিখে দেওয়া হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ تَارِكَ السَّيِّئَةِ إِنَّمَا يُكْتَبُ لَهُ بِهَا حَسَنَةً إِذَا تَرَكَهَا لِلَّهِ

## আরবী

أَخْبَرنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدِ بْنِ الصَّبَّاحِ حَدَّثَنَا شَبَابَةُ عَنْ وَرْقَاءُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: وَرُقَاءُ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِذَا أَرَادَ عَبْدِي أَنْ يَعْمَلَ سَيِّئَةً فَلَا تَكْتُبُوهَا عَلَيْهِ حَتَّى يَعْمَلُهَا فَإِنْ عَمِلَهَا فَإِنْ عَمِلَهَا فَإِنْ عَمِلَهَا فَإِنْ عَمِلَهَا فَإِنْ عَمِلَهَا فَإِنْ تَرَكَهَا مِنْ أَجْلِي فَاكْتُبُوهَا حَسَنَةً فَإِنْ أَرَادَ أَنْ يَعْمَلَ حَسَنَةً فَاكْتُبُوهَا لَهُ عَشْرَةَ أَمْتَالِهَا إِلَى سَبْعِ مئة ضعف.) لَهُ حَسَنَةً فَإِنْ عَمِلَهَا فَاكْتُبُوهَا لَهُ عَشْرَةَ أَمْتَالِهَا إِلَى سَبْعِ مئة ضعف.) الراوي: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 383 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৩৮৩. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মহান আল্লাহ থেকে বর্ণনা করেন, তিনি বলেন, মহান আল্লাহ বলেছেন: "যখন আমার বান্দা কোন মন্দ কাজ করার ইচ্ছা করে, তখন তোমরা তার জন্য গোনাহ লিখবে না, যতক্ষন না সে তা বাস্তবায়ন করে, যদি সে বাস্তবায়ন করে, তবে তার জন্য কাজের অনুরুপ সংখ্যায় পাপ লিখবে। আর যদি সে আমার জন্য ছেড়ে দেয়, তবে তার জন্য একটি সাওয়াব লিখবে। আর যখন সে কোন ভালো কাজ করার ইচ্ছা করে, তখন তার জন্য একটি সাওয়াব লিখবে। যদি সে কাজটি বাস্তবায়ন করে, তবে তার জন্য দশ গুণ থেকে সাতশত গুণ পর্যন্ত সাওয়াব লিখবে।"[1]

## ফুটনোট

[1] মুসন্দ আহমাদ: ২/৩১৫; সহীহ মুসলিম: ১২৯; ইবনু মান্দাহ, আল ঈমান: ৩৭৬; বাগাবী, শারহুস সুন্নাহ:



878१।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওদ্বুন নাদ্বীর: ৯৫৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন